মেহেরপুরে নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) সকাল দশটার দিকে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষে গণকবরে পুষ্পমাল্য অর্পণ করা হয়।জেলা প্রশাসক মোঃ শামীম হাসান ও মুক্তিযোদ্ধারা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

শহীদদের আত্মার মাগফিরাত কামনাসহ দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম,স্থানীয় সরকার উপ-পরিচালক শামীম হোসেন,অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মুঃ তানভীর হাসান রুমান, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এস এম মিকাইল ইসলাম, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল, সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ,মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মো. হাসিবুস সাত্তার, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক,বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম,বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক,জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মুনির প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ

মেহেরপুর জেলা যুবলীগ ও পৌরসভার পক্ষ থেকে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে। আজ বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে শেখ রাসেলের প্রতিকৃতিতে এই পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এ সময়ে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন সহ বিভিন্ন নেতাকর্মীরা অবস্থিত ছিলেন।

শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শেষে মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন শেখ রাসেল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুব আদরের সন্তান ছিল বঙ্গবন্ধু যেখানেই যেতো শেখ রাসেলকে সেখানেই নিয়ে যেত এবং প্রতিটা বিষয়ে সে বঙ্গবন্ধুকে ছোট থেকে ফলো করে আসছিল আমরা অনেক ভিডিও ফুটেজে দেখেছি। আজকে যদি শেখ রাসেল বেঁচে থাকতো হয়তো দেশের গুরুত্বপূর্ণ দায়িত্ব সে পালন করত। আমরা তাদের জন্য দোয়া করি আল্লাহ পাক যেন তাদেরকে বেহেস্তে নসিব করে এবং জান্নাতের সর্বোচ্চ স্থান তাদেরকে দেয় সেই দোয়া করি।

এ সময় তিনি আরো বলেন শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগ ও মেহেরপুর পৌরসভার পক্ষ থেকে কর্মসূচি বিভিন্ন কর্মসূচি হাতে নিয়ে।

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেহেরপুর জেলা পরিষদের পুষ্পমাল্য অর্পণ

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃ আব্দুস সালাম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পমাল্য অর্পণ করেছেন।

মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা পরিষদের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মুজিবুর রহমান, উচ্চমান সহকারী মোঃ জাহিদুল ইসলাম,উচ্চমান সহকারী মো শাহিন ইকবাল, কম্পিউটার অপারেটর এস.এম.রোকনুজ্জামান, সদস্য ইমতিয়াজ হোসেন মিরন,আজিমুল বারী,ফয়সাল প্রমুখ।

মুজিবনগর স্মৃতিসৌধ শ্রদ্ধা নিবেদন করলেন মেহেরপুর পৌরসভার নব-নির্বাচিত পরিষদ

ঐতিহাসিক মুজিবনগর স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করলেন মেহেরপুর পৌরসভার নব-নির্বাচিত পরিষদ।

আজ শনিবার (২ জুলাই) দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভার সাধারণ ও সংরক্ষিত নারী কাউন্সিলরগন মুজিবনগর স্মৃতি শৌধে পুস্পমাল্য অর্পণ করেন ।

১ নং ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম,২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নং ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক আহমেদ ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবীর রিপন, এবং ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার সংরক্ষিত নারী কাউন্সিলর ১নং ওয়ার্ড (১,২,৩) দিল আফরোজ ২নং ওয়ারর্ডের কাউন্সিলর (৪,৫,৬) শারমিনা পারভীন এবং ৩নং ওয়ার্ডের কাউন্সিলর (৭,৮,৯) রোকসানা কামাল রুনু সাথে ছিলেন।

গত ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনে মাহফুজুর রহমান রিটন মেয়র পদে দ্বিতীয়বারের মত মেয়র র্নির্বাচিত হন। ১ জুলাই মেয়র হিসেবে শপথ গ্রহণ করেন।